

প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন

ঢাকা

পত্র সংখ্যা ০৩.০৮৩.০২৪.০০.০৫৯.২০১৫- ১৫৯

তারিখ ১৬ বৈশাখ, ১৪২২ বাং
২৯ এপ্রিল, ২০১৫ খ্রিঃ

প্রজ্ঞাপন

আঞ্চলিক/উপ-আঞ্চলিক সহযোগিতা সম্পর্কে ঐকমত্য প্রতিষ্ঠা এবং আঞ্চলিক সহযোগিতার ভিত্তিতে প্রকল্প বাস্তবায়ন ও কর্মসম্পাদনের জন্য বলিষ্ঠ নেতৃত্ব ও দিক নির্দেশনা প্রদানের নিমিত্ত প্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৯ ফেব্রুয়ারি, ২০১২ তারিখের ০৩.০৭৩.০৪৬.০৩.০০.০০৩.২০১০-৪৪ সংখ্যক প্রজ্ঞাপনমূলে সরকার কর্তৃক গঠিত কমিটি নিম্নরূপভাবে পূর্ণগঠন করা হলোঃ

(১) মাননীয় প্রধানমন্ত্রী	-সভাপতি
(২) মাননীয় অর্থমন্ত্রী	-সহ-সভাপতি
(৩) মাননীয় বাণিজ্যমন্ত্রী	-সদস্য
(৪) মাননীয় কৃষিমন্ত্রী	-সদস্য
(৫) মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী	-সদস্য
(৬) মাননীয় পানি সম্পদমন্ত্রী	-সদস্য
(৭) মাননীয় নৌ-পরিবহনমন্ত্রী	-সদস্য
(৮) মাননীয় পররাষ্ট্রমন্ত্রী	-সদস্য
(৯) মাননীয় রেলপথমন্ত্রী	-সদস্য
(১০) মাননীয় প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা	-সদস্য
(১১) মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা	-সদস্য
(১২) মাননীয় প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা	-সদস্য
(১৩) মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা	-সদস্য
(১৪) মাননীয় প্রধানমন্ত্রীর নিরাপত্তা বিষয়ক উপদেষ্টা	-সদস্য
(১৫) মাননীয় প্রতিমন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়	-সদস্য

২। কমিটির কার্যপরিধিঃ

- আঞ্চলিক/উপ-আঞ্চলিক সহযোগিতার জন্য বিভিন্ন খাত চিহ্নিতকরণ;
- সুনির্দিষ্ট সময়ের মধ্যে আঞ্চলিক/উপ-আঞ্চলিক সহযোগিতার জন্য ঐকমত্য প্রতিষ্ঠায় দিক নির্দেশনা প্রদান;
- আঞ্চলিক/উপ-আঞ্চলিক সহযোগিতার ভিত্তিতে প্রকল্প বাস্তবায়ন বা কর্মসম্পাদনের জন্য প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান;
- সংশ্লিষ্ট অন্যান্য বিষয়।

৩। কমিটির সাচিবিক ও নির্বাহী দায়িত্ব প্রধানমন্ত্রীর কার্যালয়ের উপ-আঞ্চলিক সহযোগিতা সেলের উপর ন্যস্ত থাকবে।

৪। সাধারণ/নৈমিত্তিক পত্রালাপসহ কূটনৈতিক বিষয়ক কার্যাদি পররাষ্ট্র মন্ত্রণালয় এবং সহায়তা/প্রকল্প বিষয়ক কার্যাদি অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মাধ্যমে সম্পন্ন করা হবে।

৫। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে এবং সাব-কমিটি গঠন করতে পারবে।

৬। এ প্রসংগে জুলাই ২৯, ২০০৯ তারিখে কমিটি গঠন সংক্রান্ত এবং ১৯ ফেব্রুয়ারি ২০১২ তারিখে কমিটি পূর্ণগঠন সংক্রান্ত প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হল।

৭। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারী করা হলো এবং অবিলম্বে তা কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সুরাইয়া বেগম, এনডিসি
সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ সরকারি মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করে ১০০ কপি এ কার্যালয়ে প্রেরণের অনুরোধসহ)।